দৈনিক ইত্তেফাক

তারিখ ... NOV 4 1 1998

পৃঃ ১২ কলাম ৬

২৯৬

## শেখ হাসিনার আলোচনার আহ্বানে ঢাকা ভার্সিটির শিক্ষক সমিতির অভিনন্দন

বাসস ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গতকাল (বুধবার) এক বিবৃতিতে দেশের অশান্ত ও সংঘাতময় পরিস্থিতি অবসানের লক্ষ্যে খোলামেলা আলোচনার জন্য বিরোধী দলের উদ্দেশে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদাত্ত আহ্বানকে স্বাগত জানাইয়াছে। বিবৃতিতে বলা হয়, হরতাল ও ইহার ফলে উদ্ভূত নৈরাজ্যকর পরিস্থিতি

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

### শিক্ষক সমিতি

(শেষ পৃষ্ঠার পর)

দেশের উন্নয়ন ও স্বাভাবিক জীবনযাত্রাকে বিপন্ন করিয়া তুলিয়াছে এবং সেই সাথে দেশের শিক্ষা কার্যক্রম ও অর্থনৈতিক কর্মকান্ড ব্যাহত হইতেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি এমন শ্বাসরুদ্ধকর পরিস্থিতি হইতে জাতিকে মুক্ত করার জন্য অনতিবিলম্বে বিরোধী দলকে বর্তমান গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারের সাথে আলোচনা করার উদাত্ত আহ্বান জানান।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রহিয়াছেন অধ্যাপক মেসবাহ উদ্দিন আহমেদ, অধ্যাপক মোঃ হাবিবুর রহমান, অধ্যাপক মোহাম্মদ মনিরুজ্জামান, অধ্যাপক আর. আই. এম আমিনুর রশীদ, অধ্যাপক আব্দুল মান্নান চৌধুরী, অধ্যাপক মোঃ হোসেন মনসুর, অধ্যাপক আনোয়ার হোসেন এবং অধ্যাপিকা নীলুফার নাহার।